

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং- ২৯/২০১৯

তারিখঃ ২৩/০৫/২০১৯ খ্রিঃ

সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

জরুরী দৃষ্টি আকর্ষণ

সম্মানিত সদস্য/সদস্যদের দু'টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে পরামর্শ প্রদান করা হলো।

১। সাম্প্রতিককালে বন্দর থেকে FCL/LCL পণ্য অভিনব কায়দায় চুরি হচ্ছে। এ বিষয়ে আইনগত দিক লক্ষ্য রেখে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে।

ক) FCL কন্টেইনার Examination অথবা ডেলিভারীর পূর্বে বি/এল, আইজিএমএ উল্লিখিত সিল নম্বর সঠিক এবং Intact আছে কিনা তা ভাল করে দেখে খুলতে হবে। কোন রকম কোন গরমিল পরিলক্ষিত হলে দায়িত্বরত ASI কে অবহিত করে টার্মিনাল ম্যানেজার ও পরিচালক (নিরাপত্তা) কে পত্র দ্বারা অবহিত করে তাদের গঠিত তদন্ত কমিটির সামনে সিল গালা খুলতে হবে।

খ) Appraisalment এর ক্ষেত্রে সিল গালা সঠিক থাকলে Examination করার পরে নতুন সিল মেরে দায়িত্বরত ইয়ার্ড এর ASI রেজিস্টারে লিপিবদ্ধ করে এবং তাকে অবহিত করে ইয়ার্ড ত্যাগ করতে হবে। অন্যথায় দায় দায়িত্ব সি এন্ড এফ এজেন্টের উপর বর্তাবে।

গ) LCL পণ্য ডেলিভারী/ Examination এর সময় কোন কার্টন/কেইচ ছেড়া/কাটা পাওয়া গেলে আগে শেড ইনচার্জকে অবহিত করে তারপর খুলতে হবে। কোন ধরনের শিপ সার্ভে থাকলে শিপ সার্ভে রিপোর্ট অবশ্যই কার্টনের গায়ে এবং Register এ উল্লেখ থাকতে হবে। এর ব্যত্যয় ঘটলে বিষয়টি ATM CFS অথবা টার্মিনাল ম্যানেজারকে অবহিত করতে হবে।

২। পণ্য ডেলিভারী সহজিকরণ ও বন্দর অভ্যন্তরে যানজট নিরসনে নিম্নলিখিত পদ্ধতিতে পণ্যবাহী ট্রাক/কাভার্ডভ্যান/ট্রেইলার বন্দর থেকে বাহির করতে হবেঃ-

একই চালানের একাধিক ট্রাক/কাভার্ডভ্যান/ট্রেইলার রানিং পদ্ধতিতে যখন যেটি Load হবে সাথে সাথে গেইট আউট করার বিধান আছে। অর্থাৎ, প্রথম গাড়ীটিতে পণ্য লোড হলে কাস্টমস্ ও বন্দরের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে তা বন্দর থেকে বাহির করতে হবে। এরপর বিল অব এন্ট্রি সহ সকল ডেলিভারী কাগজ-পত্র কর্তব্যরত গেইট সার্জেন্টের নিকট জমা থাকবে। পরবর্তী গাড়ীগুলি লোড হয়ে কার্ট টিকেট ও ট্রাক চালানসহ গেইটে এসে এন্ট্রি করে বাহির হয়ে যাবে। চালানের সকল গাড়ী একত্রে বাহির করতে গিয়ে বন্দর অভ্যন্তরে যানজট সৃষ্টি ও পণ্য খালাসে বিলম্ব হচ্ছে।

স্বাক্ষরিত/-

কাজী মাহমুদ ইমাম (বিলু)

ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক